

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর প্রধান কার্যালয় ভবন নির্মাণের জন্য ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিঃ (এনডিই) এর সঙ্গে চুক্তি স্বাক্ষর

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এয়ারপোর্ট রোডের পাশে নিকুঞ্জ-২ এ নিজস্ব ২ বিঘা জমিতে প্রধান কার্যালয় ভবন নির্মাণ কাজ শুরু করেছে। ডেসকো'র নিজস্ব অর্থায়নে ৬ বেইজমেন্ট বিশিষ্ট ১২ তলা ভবনটি নির্মাণে ব্যয় হবে ২৪৫ কোটি ৫৫ লক্ষ টাকা। ভবনটি নির্মাণের জন্য ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিঃ (এনডিই) এর সঙ্গে ৩/৬/২০২১ তারিখে ডেসকো'র চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ভারুয়াল মাধ্যমে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম,পি। বিশেষ অতিথি হিসেবে যুক্ত ছিলেন বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব ও ডেসকো বোর্ডের চেয়ারম্যান প্রকৌঃ শেখ ফয়েজুল আমীন, পিইঞ্জ। অনুষ্ঠানে ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ কাওসার আমীর আলী ভবনটির নক্সা, প্রাক্কলনসহ বিভিন্ন আকর্ষণীয় দিক তুলে ধরেন।

আলোচনায় অংশ নিয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় উল্লেখ করেন ৬ বেইজমেন্ট বিশিষ্ট বহুতল ভবন বাংলাদেশে এই প্রথম নির্মিত হচ্ছে। প্রধান সড়কের পাশে আধুনিক প্রযুক্তি ও আকর্ষণীয় ডিজাইনের এই ভবনটি নির্মিত হলে ডেসকো তথা বিদ্যুৎ বিভাগের ভাবমূর্তি উজ্জ্বল হবে। এতে ডেসকো'র প্রতি গ্রাহকগণের প্রত্যাশা বৃদ্ধি পাবে। গ্রাহকগণের প্রত্যাশা পূরণে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানসহ সেবার মান আরও উন্নত করার জন্য তিনি ডেসকো'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

ধন্যবাদান্তে,

প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)